(৫৩ন)

ডাইরি/ওয়েবসাইটে
আপলোডের ব্যবস্থা নিন

| | |
|---|---|
| স্টেশন প্রকৌশলী | |
| উপস্টেশন প্রকৌশলী | |
| সহকারী বেতার প্রকৌশলী | |
| রেডিও টেকনিশিয়ান | |

M. Rahman
08/06/2025

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
লিয়াজোঁ ও শ্রোতা গবেষণা অনুবিভাগ
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
৩১/১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।

নং-১৫.৫৩.০০০০.০০৭.৪২.১০৪.২২.২৬৮

তারিখ: ০৪/০৬/২০২৫

বিষয়: 'বেগম রোকেয়া পদক-২০২৫' এর জন্য মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র (১): তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের প্রশাসন-২ অধিশাখার ০১/০৬/২০২৫ তারিখের ১৫.০০.০০০০.০০০.০১৫.২৩.০০০৬.২৫.১৩৪ নম্বর পত্র।

উপর্যুক্ত বিষয় ও পত্রের আলোকে 'বেগম রোকেয়া পদক (সংশোধিত) নীতিমালা, ২০১৭' মোতাবেক নারী শিক্ষা, নারী অধিকার, নারীর আর্থ-সামাজিক উন্নয়ন, সাহিত্য ও সংস্কৃতির মাধ্যমে নারী জাগরণ, পল্লী উন্নয়ন এবং সরকার কর্তৃক নির্ধারিত অন্য কোন ক্ষেত্রে" অবদান রেখেছেন এমন বাংলাদেশী নারীর পদক প্রাপ্তির লক্ষ্যে আগ্রহীদের কাছ থেকে নির্ধারিত ফরমে তথ্যাদি আহ্বান করা হয়েছে।

এমতাবস্থায়, 'বেগম রোকেয়া পদক-২০২৫'এর মনোনয়ন প্রস্তাব নির্ধারিত ফরম পুরণ পূর্বক আগামী ২৫/০৬/২০২৫ তারিখের মধ্যে হার্ডকপি এবং সফটকপি ই-মেইলে (Nikosh ফন্টে MS Word File-এ) লিয়াজোঁ ও শ্রোতা গবেষণা অনুবিভাগে (dirliaison@betar.gov.bd) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: যথাবর্ণিত।

৪/৬/২০২৫
শ্যামল চৌধুরী
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
লিয়াজোঁ ও শ্রোতা গবেষণা অনুবিভাগ
ফোন: ৪৪৮১৩০৭৬
e-mail: dirliaison@betar.gov.bd

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান)/ অতিরিক্ত মহাপরিচালক (বার্তা)/প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সংরক্ষণ ও সরঞ্জাম/কারিগরী কার্য/কবিরপুর/মহাশক্তি প্রেরণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ঢাকা।
৩। পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
৪। পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা/চট্টগ্রাম/শিক্ষা/সংগীত/কৃষি বিষয়ক কার্যক্রম/জনসংখ্যা, স্বাস্থ্য ও পুষ্টি সেল/বাণিজ্যিক কার্যক্রম/ট্রান্সক্রিপশন সার্ভিস/বহির্বিশ্ব কার্যক্রম, বাংলাদেশ বেতার।
৫। পরিচালক (বার্তা), কেন্দ্রীয় বার্তা সংস্থা/পরিচালক (মনিটরিং), মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা।
৬। সিনিয়র প্রকৌশলী, সংরক্ষণ ও অনুবিভাগ/গবেষনা ও গ্রহণ কেন্দ্র (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)/জাতীয় বেতার ভবন/পরিকল্পনা শাখা/বাংলাদেশ বেতার, ঢাকা।
৭। আবাসিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার, আগ্রাবাদ, চট্টগ্রাম/ উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১/২, সাভার, ঢাকা/বাংলাদেশ বেতার, নওয়াপাড়া যশোর/ কালুরঘাট, চট্টগ্রাম/কাহালু, বগুড়া।
৮। আঞ্চলিক পরিচালক, রাজশাহী/সিলেট/রংপুর/খুলনা/বরিশাল/ঠাকুরগাঁও/রাঙামাটি/কুমিল্লা/বান্দরবার/কক্সবাজার/বেতার প্রকাশনা দপ্তর/ গোপালগঞ্জ ও ময়মনসিংহ।
৯। আঞ্চলিক প্রকৌশলী, রাজশাহী/সিলেট/রংপুর/খুলনা/বরিশাল/ঠাকুরগাঁও/ রাঙামাটি/কুমিল্লা/বান্দরবান/কক্সবাজার/গোপালগঞ্জ ও ময়মনসিংহ।
১০। স্টেশন প্রকৌশলী, মনিটরিং পরিদপ্তর/ট্রান্সক্রিপশন সার্ভিস, বাংলাদেশ বেতার, ঢাকা।
১১। আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/রংপুর/খুলনা/কুমিল্লা।
১২। উপ-বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, বরিশাল/ঠাকুরগাঁও/কক্সবাজার/বান্দরবান/রাঙামাটি/ গোপালগঞ্জ ও ময়মনসিংহ।
১৩। উপ-আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার, কেন্দ্রীয় ভান্ডার, পাহাড়তলী, চট্টগ্রাম।
১৪। মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিকল্পে)।
১৫। নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

নম্বর: ১৫.০০.০০০০.০০০.০১৫.২৩.০০০৬.২৫.৭৬৪

তারিখ: ০১ জুন ২০২৫

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের পত্রের মর্মানুযায়ী 'বেগম রোকেয়া পদক (সংশোধিত) নীতিমালা, ২০১৭' মোতাবেক "নারী শিক্ষা, নারী অধিকার, নারীর আর্থ-সামাজিক উন্নয়ন, সাহিত্য ও সংস্কৃতির মাধ্যমে নারী জাগরণ, পল্লী উন্নয়ন এবং সরকার কর্তৃক নির্ধারিত অন্য কোন ক্ষেত্রে" অবদান রেখেছেন এমন বাংলাদেশী নারীর পদক প্রাপ্তির ক্ষেত্র উল্লেখপূর্বক মনোনয়ন নির্ধারিত ছকে আগামী ০৩ জুলাই ২০২৫ তারিখের মধ্যে প্রশাসন-২ অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, মনোনয়ন না থাকলে শূন্য প্রতিবেদন প্রেরণ করতে হবে।

সংযুক্ত: বর্ণনামতে ০৬ (ছয়) পৃষ্ঠা।

সালমা হাসনায়েন
উপসচিব
ফোন: ০২২২৩৩৮০৭৮৭
ই-মেইল: admin2@moi.gov.bd

**বিতরণ:**

১. অতিরিক্ত সচিব (সকল), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. দপ্তর/সংস্থা প্রধান (সকল), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা

**অনুলিপি:**

১. সচিবের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

F:\Old Pc (F-Drive)\Endorsement 2024.doc-107

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
সচিবের দপ্তর

| ডায়েরি নং: | তারিখ: |
|---|---|

☐ অতিরিক্ত সচিব
☐ অতিরিক্ত সচিব (উন্নয়ন)
☑ অতিরিক্ত সচিব (প্রশাসন)
☐ অতিরিক্ত সচিব (সম্প্রচার)
☐ অতিরিক্ত সচিব (চলচ্চিত্র ও এস:এম)

সচিব

অতিরিক্ত সচিব (প্রশাসন) এর দপ্তর

| ডায়েরি নং: ০২ | তারিখ: |
|---|---|

☐ উপসচিব (প্রশাসন/বাজেট)
☐ সংশ্লিষ্ট কর্মকর্তা
☐ প্রশাসন অধিশাখা
☐ উপসচিব (প্রশাসন-১/প্রশাসন-২)
☐ ব্যক্তিগত কর্মকর্তা

অতিরিক্ত সচিব (প্রশাসন)

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowca.gov.bd

তারিখ: ১২ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
২৬ মে ২০২৫ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৩২.০০.০০০০.০০০.০৪২.২৩.০০০৭.২৫.১৩০

**বিষয়: 'বেগম রোকেয়া পদক -২০২৫' এর জন্য মনোনয়ন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে প্রতি বছর ৯ ডিসেম্বর তারিখে দেশব্যাপী 'বেগম রোকেয়া দিবস' উদযাপন এবং 'বেগম রোকেয়া পদক' প্রদান করা হয়ে থাকে। প্রতি বছরের ন্যায় "নারী শিক্ষা, নারী অধিকার, নারীর আর্থ-সামাজিক উন্নয়ন, সাহিত্য ও সংস্কৃতির মাধ্যমে নারী জাগরণ, পল্লী উন্নয়ন এবং সরকার কর্তৃক নির্ধারিত অন্য কোন ক্ষেত্রে" সর্বোচ্চ স্বীকৃতিস্বরূপ পাঁচজন বাংলাদেশী নারীকে মাননীয় প্রধান উপদেষ্টা কর্তৃক আনুষ্ঠানিকভাবে বেগম রোকেয়া পদক প্রদান করা হবে।

২। এমতাবস্থায়, 'বেগম রোকেয়া পদক (সংশোধিত) নীতিমালা ২০১৭' মোতাবেক উল্লেখিত যেকোন ক্ষেত্রে অবদান রেখেছেন এমন বাংলাদেশী নারীকে পদক প্রাপ্তির ক্ষেত্র উল্লেখপূর্বক মনোনয়ন আগামী ৩১ জুলাই ২০২৫ তারিখের মধ্যে সিনিয়র সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। এক্ষেত্রে সফট কপি (Nikosh ফন্টে MS Word File-এ) ই-মেইলে: sasadmn2@gmail.com প্রেরণ করা যাবে। মনোনীত প্রার্থীকে সংযুক্ত 'ছক' পূরণপূর্বক আবেদন করতে হবে। আবেদনপত্র 'ছক' মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েব সাইট (www.mowca.gov.bd) অথবা মহিলা বিষয়ক অধিদপ্তরের ওয়েব-সাইট (www.dwa.gov.bd) থেকে সংগ্রহ করা যাবে। নির্ধারিত 'ছক' ব্যতিত অন্য কোন 'ছক'-এ আবেদন/মনোনয়ন গ্রহণ করা হবে না।

সংযুক্তি: ১। নীতিমালা
২। মনোনয়ন ছক/আবেদন ফরম।

**সকল সংযুক্তিসমূহ:**
(১) নীতিমালা
(২) মনোনয়ন ছক বা আবেদন ফরম - ২০২৫

২৬-০৫-২০২৫
আফরোজা বেগম
সহকারী সচিব
৫৫১০০২৪১
sasadmn2@gmail.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

যুগ্মসচিব প্রশাসন এর দপ্তর

| ডায়েরী নং: | তারিখ: |
|---|---|

☐ উপ-সচিব (প্রশা-১/প্রশা-২/প্রশা-৪)
☐ সহ: সচিব (প্র: ৩)
☐ সিস্টেম এনালিষ্ট/হিঃ রঃ কঃ
☐ ব্যক্তিগত কর্মকর্তা

যুগ্মসচিব (প্রশাসন)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowca.gov.bd

নং-৩২.০০.০০০০.০৪২.২৩.০১৫.১৭-১৮১ তারিখ ঃ ০১/০৬/২০২০ খ্রিঃ

## বেগম রোকেয়া পদক (সংশোধিত) নীতিমালা-২০১৭

১। এই নীতিমালা 'বেগম রোকেয়া পদক নীতিমালা-২০১৭' নামে অভিহিত হবে।

২। বেগম রোকেয়া পদক প্রদানের পটভূমিঃ
বেগম রোকেয়া বাঙ্গালী মুসলিম নারী জাগরণের অগ্রদূত। নারী শিক্ষা, অধিকার এবং নারী আন্দোলনে তাঁর রয়েছে অসাধারণ অবদান। সরকার নারী জাগরণে বেগম রোকেয়ার অবদান চিরস্বরণীয় করা এবং এ থেকে তাদের অনুপ্রাণিত করার উদ্দেশ্যে 'বেগম রোকেয়া পদক' শীর্ষক একটি রাষ্ট্রীয় পদক প্রবর্তন করেছে। নারীদের জন্য 'বেগম রোকেয়া পদক' দেশের সর্বোচ্চ পুরস্কার হিসেবে গণ্য হবে।

৩। নিম্নলিখিত ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান ও গৌরবজ্জ্বল ভূমিকার জন্য 'বেগম রোকেয়া পদক' প্রদান করা হবেঃ

(ক) নারী শিক্ষা;
(খ) নারী অধিকার;
(গ) নারীর আর্থ-সামাজিক উন্নয়ন;
(ঘ) সাহিত্য ও সংস্কৃতির মাধ্যমে নারী জাগরণ;
(ঙ) পল্লী উন্নয়ন;
(চ) সরকার কর্তৃক নির্ধারিত অন্য কোন ক্ষেত্রে।

৪। (ক) এ পদক প্রদানের জন্য উপযুক্ত ব্যক্তিকে বাংলাদেশের নাগরিক (মহিলা) হতে হবে।
(খ) চারিত্রিক গুণাবলি ও দেশাত্ববোধে তাঁকে অনন্য হতে হবে।
(গ) পদক প্রদানের ক্ষেত্রে ব্যক্তির সামগ্রিক জীবনের কৃতিত্ব ও অবদানকে গুরুত্ব প্রদান করা হবে।

৫। প্রতি বৎসর বেগম রোকেয়া পদকের সংখ্যা সর্বোচ্চ ০৫(পাঁচ) হবে; তবে সরকার প্রযোজ্য ক্ষেত্রে কোন বৎসর উপযুক্ত প্রার্থী না পেলে পদক সংখ্যা হ্রাস করতে পারবে।

৬। বেগম রোকেয়া পদকপ্রাপ্ত ব্যক্তিবর্গকে প্রদেয়সমূহঃ

(ক) আঠার ক্যারেট মানের পঁচিশ গ্রাম স্বর্ণ দ্বারা নির্মিত একটি পদক (পদকচিত্রঃ সংলাগ-ক);
(খ) পদকের একটি রেপ্লিকা;
(গ) চার লক্ষ টাকা এবং
(ঘ) একটি সম্মাননাপত্র।

৭। ৭.১ প্রতি বৎসর ৩০শে জুনের মধ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অন্যান্য সকল মন্ত্রণালয়/বিভাগ, মাঠ প্রশাসন/বিশ্ববিদ্যালয়/বাংলা একাডেমি/নজরুল ইন্সটিটিউট/অন্যান্য একাডেমি ও ইন্সটিটিউট থেকে পূর্ববর্তী বছরসমূহের অবদানের জন্য মনোনয়ন আহবান করা হবে।

৭.২ বেগম রোকেয়া পদক পাওয়ার ক্ষেত্রে উপযুক্ত প্রার্থীদের প্রস্তাব/মনোনয়ন আহ্বানের জন্য বহুল প্রচার করা হবে। এক্ষেত্রে ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় ও মহিলা বিষয়ক অধিদপ্তরের ওয়েব-সাইটে এ সংক্রান্ত সকল তথ্যাদি ও আবেদনের জন্য 'ছক' প্রকাশ করতে হবে।

৭.৩ বেগম রোকেয়া পদকপ্রাপ্ত সুধীজনের সুপারিশক্রমে অথবা অন্যান্য মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা/ মাঠ প্রশাসন থেকে প্রার্থীর নাম মনোনয়ন প্রদান করা যাবে।

৭.৪ প্রস্তাবিত ব্যক্তি সম্পর্কে নির্ধারিত 'ছক' পূরণ করে নির্দিষ্ট সময়ের মধ্যে মনোনয়ন সরাসরি মন্ত্রণালয়ে বা মন্ত্রণালয়ের ওয়েব-সাইটে জমা দিতে হবে (নির্ধারিত ছকঃ সংলাগ-খ)।

৮। প্রাথমিক প্রার্থী নির্বাচন কমিটিঃ

৮.১ কমিটি গঠনঃ

| | |
|---|---|
| (ক) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী/প্রতিমন্ত্রী | - আহবায়ক |
| (খ) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | - সদস্য |
| (গ) সচিব, তথ্য মন্ত্রণালয় | - সদস্য |
| (ঘ) সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | - সদস্য |
| (ঙ) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় | - সদস্য |
| (চ) সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | - সদস্য |
| (ছ) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | -সদস্য সচিব |

৮.২ কমিটির কার্যপরিধিঃ

(ক) প্রস্তাবিত ব্যক্তি সম্পর্কে মাঠ প্রশাসন/মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য দপ্তর/ওয়েবসাইট থেকে প্রাপ্ত আবেদন ও অন্যান্য তথ্যাদি নির্ধারিত 'ছক' মোতাবেক মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করতে হবে।

(খ) প্রাথমিক প্রার্থী নির্বাচন কমিটি জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বিবেচনার জন্য প্রাথমিক তালিকা প্রস্তাব করবে।

(গ) ৩০ শে সেপ্টেম্বরের মধ্যে সভা অনুষ্ঠানসহ সকল কার্যাদি সম্পন্ন করবে।

(ঘ) উপযুক্ত প্রার্থীর অভাব হলে পদক প্রদানের সুপারিশকালে বিগত বছরের সুপারিশকৃত কিন্তু পদক পাননি এমন ব্যক্তিদের বিষয় বিবেচনা করা যাবে।

(ঙ) রোকেয়া পদক প্রদানের বিষয় বিবেচনাকালে তৃণমূল ও প্রান্তিক পর্যায়ের অবহেলিত, অনগ্রসর উপযুক্ত ব্যক্তিকে অগ্রাধিকার প্রদানের বিষয় বিবেচনা করা হবে।

(চ) পদক প্রদানের নাম সুপারিশকালে তুলনামূলক বয়োজ্যেষ্ঠ প্রার্থীদের অগ্রাধিকার প্রদানের বিষয় বিবেচনা করা যাবে।

৯। ৯.১ প্রাথমিক প্রার্থী নির্বাচন কমিটি কর্তৃক সুপারিশকৃত তালিকা সংশ্লিষ্ট তথ্যাদি ও প্রমানক কাগজসহ ১৫ই অক্টোবরের মধ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বিবেচনার জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবে।

৯.২ মন্ত্রিপরিষদ বিভাগে তালিকা প্রেরণকালে বেগম রোকেয়া পদকের জন্য সুপারিশকৃত বিশিষ্ট মহিলাদের নাম, জীবনবৃত্তান্ত, অবদানের ক্ষেত্র সম্পর্কে তথ্যাদি থাকতে হবে।

৯.৩ জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সুপারিশ এবং মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে বেগম রোকেয়া পদক প্রদানের বিষয় চূড়ান্ত করা হবে।

৯.৪ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পদকপ্রাপ্তদের নাম অনুমোদনের পর মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় থেকে নির্বাচিত ব্যক্তিদের মতামত/সম্মতি গ্রহণ করতে হবে।

৯.৫ সকল কার্যাদি চূড়ান্তকরণের পর এবং পদক সংক্রান্ত পুরস্কার প্রদানের পূর্বে গণমাধ্যমে নির্বাচিত ব্যক্তিদের নাম প্রকাশ করা হবে।

৯.৬ পদক গ্রহণে অসম্মতি জ্ঞাপন করা হলে বা পদক গ্রহণ বিষয়ে সুনির্দিষ্ট মতামত না পেলে বিষয়টি মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করতে হবে। পদক গ্রহণে অসম্মতি জ্ঞাপনের ক্ষেত্রে পদক প্রাপ্তদের চূড়ান্ত তালিকায় উক্ত ব্যক্তির নাম অন্তর্ভুক্ত হবে না এবং তাকে পদক প্রাপ্ত হিসেবে ঘোষণা করা যাবে না।

৯.৭ মরণোত্তর পদক প্রদানের ক্ষেত্রে অথবা পদকপ্রাপ্ত ব্যক্তির শারীরিক অসুস্থতার কারণ বা অন্য কারণে পদক বিতরণী অনুষ্ঠানে উপস্থিত থাকতে অপারগতা প্রকাশ করলে তাঁর মনোনীত উপযুক্ত উত্তরাধিকারী/প্রতিনিধি পদক গ্রহণ করতে করতে পারবেন।

৯.৮ পদকপ্রাপ্ত ব্যক্তি বিদেশে অবস্থান করলে এবং উপযুক্ত উত্তরাধিকারী/ প্রতিনিধির নাম মনোনয়ন না করলে পরবর্তী বছর পদক গ্রহণ করতে পারবেন।

৯.৯ প্রতি বৎসর ৯ ডিসেম্বর মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত 'বেগম রোকেয়া দিবস' অনুষ্ঠানে এই পদক প্রদান করা হবে।

১০। এই নীতিমালা অবিলম্বে কার্যকর হবে এবং ইতোপূর্বে জারিকৃত এতদসংক্রান্ত সকল নির্দেশনাবলি এতদ্বারা বাতিল বলে গণ্য হবে।

02/06/2020

(কাজী রওশন আক্তার)
সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

| আবেদিত ব্যক্তির রঙ্গীন পাসপোর্ট ও স্ট্যাম্প সাইজ ছবি |
|---|

# 'বেগম রোকেয়া পদক ২০২৫' এর জন্য প্রস্তাবিত ব্যক্তি সম্পর্কিত তথ্য ছক

*** বেগম রোকেয়া পদকের জন্য সুপারিশকৃত ক্ষেত্র ঃ (ক) নারী শিক্ষা ☐ (খ) নারী অধিকার ☐ (গ) নারীর আর্থ-সামাজিক উন্নয়ন ☐ (ঘ) সাহিত্য ও সংস্কৃতির মাধ্যমে নারী জাগরণ ☐ (ঙ) পল্লী উন্নয়ন ☐**

১। প্রস্তাবকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/ব্যক্তির নাম, পদবী, ঠিকানা এবং টেলিফোন ফ্যাক্স নম্বর:

২। বেগম রোকেয়া পদকের জন্য প্রস্তাবিত ব্যক্তির নাম:

| পিতার নাম | মাতার নাম | জন্ম তারিখ | নিজ জেলা | প্রকৃত জন্মস্থান (জন্মস্থান নিজ জেলার বাইরে হলে) |
|---|---|---|---|---|
| | | | | |

৩। (ক) স্থায়ী ঠিকানা (টেলিফোন ও ফ্যাক্সসহ) ঃ

(খ) বর্তমান ঠিকানা (টেলিফোন ও ফ্যাক্সসহ) ঃ

৪। পুরস্কার প্রস্তাব প্রক্রিয়াকালে জরুরী যোগাযোগের জন্য ব্যক্তির নাম ও ঠিকানা ঃ

| নাম ও ঠিকানা | টেলিফোন নম্বর | ই-মেইল নম্বর (যদি থাকে) | ফ্যাক্স নম্বর (যদি থাকে) |
|---|---|---|---|
| | | | |

৫। শিক্ষাগত যোগ্যতা ঃ

| ক্রমিক নং | শিক্ষার স্তর | শিক্ষা প্রতিষ্ঠানের নাম ঠিকানা | শিক্ষাজীবনের বিশেষ কৃতিত্ব (যদি থাকে) |
|---|---|---|---|
| (১) | প্রাথমিক বিদ্যালয় | | |
| (২) | এসএসসি/সমমান | | |
| (৩) | এইচএসসি/সমমান | | |
| (৪) | স্নাতক/সমমান | | |
| (৫) | স্নাতকোত্তর/সমমান | | |
| (৬) | উচ্চতর ডিগ্রী | | |
| (৭) | উল্লেখযোগ্য অন্য কোন সার্টিফিকেট/ডিপ্লোমা | | |

* পদক প্রদানের জন্য সুপারিশকৃত ক্ষেত্র নির্ধারণের জন্য √ (টিক) চিহ্ন দিতে হবে।

-চলমান-

৬। সামাজিক/সাংস্কৃতিক/অর্থনৈতিক/পল্লীউন্নয়ন/রাজনৈতিক কার্যক্রমে অংশগ্রহণ ঃ

| ক্রমিক নং | সংস্থার নাম ও ঠিকানা | কোন দায়িত্বপূর্ণ পদে থাকলে পদের নাম ও সময়কাল | বিশেষ কৃতিত্ব (যদি থাকে) |
|---|---|---|---|
| (১) | | | |
| (২) | | | |
| (৩) | | | |
| (৪) | | | |
| (৫) | | | |

৭। উল্লেখযোগ্য গবেষণা/প্রবন্ধ/বই প্রকাশনার বিবরণ ঃ

| ক্রমিক নং | গবেষণা/প্রবন্ধ/বই প্রকাশনার শিরোনাম | প্রকাশক/জার্নালের নাম, প্রকাশনার স্থান ও বছর | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | | | |
| (২) | | | |
| (৩) | | | |
| (৪) | | | |

৮। (ক) বিশেষ কোন পুরস্কার সম্মাননা পেয়ে থাকলে তার বিবরণ ঃ

| ক্রমিক নং | পুরস্কার/সম্মাননার নাম ও প্রাপ্তির সন | পুরস্কার/সম্মাননার সংক্ষিপ্ত বিবরণ | মন্তব্য (যদি থাকে) |
|---|---|---|---|
| (১) | | | |
| (২) | | | |
| (৩) | | | |

-চলমান-

(খ) উল্লেখ করার মত অন্য কোন গুরুত্বপূর্ণ তথ্য ঃ

৯।  যে ক্ষেত্রে অবদানের স্বীকৃতিস্বরূপ পুরস্কার প্রদানের সুপারিশ করা হয়েছে সে ক্ষেত্রে সুপারিশকৃত ব্যক্তির অবদানের সংক্ষিপ্ত (তবে সুনির্দিষ্ট) বৃত্তান্ত ঃ

১০।  পুরস্কার বিতরণের সময় পুরস্কারপ্রাপ্ত ব্যক্তির অনুপস্থিতির ক্ষেত্রে তাঁর পরিবর্তে পুরস্কার গ্রহণকারীর নাম ও ঠিকানা ঃ

| নাম ও ঠিকানা | টেলিফোন নম্বর | ফ্যাক্স নম্বর (যদি থাকে) | ই-মেইল নম্বর (যদি থাকে) |
|---|---|---|---|
| | | | |

তারিখঃ

প্রস্তাবক মন্ত্রণালয়/বিভাগ এর সচিব
অথবা
বেগম রোকেয়া পদকে ভূষিত প্রস্তাবক ব্যক্তির স্বাক্ষর